

💵 নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (২০৫) ইবাদতের মধ্যে বিদআতের কয়টি অবস্থা হতে পারে?

উত্তরঃ ইবাদতের মধ্যে বিদআতের দুইটি অবস্থা।

প্রথম অবস্থাঃ যা ইবাদতকে সম্পূর্ণরূপে বাতিল করে দেয়। যেমন কোন ব্যক্তি ফজরের নামাযে তৃতীয় আরেকটি রাকআত বৃদ্ধি করল কিংবা মাগরিবের নামাযে চতুর্থ রাকআত বৃদ্ধি করল অথবা চার রাকআত বিশিষ্ট নামাযে ইচ্ছাকৃত পঞ্চম রাকআত বৃদ্ধি করল। এমনিভাবে কেউ যদি ইচ্ছাকৃত নামাযের রাকআত সংখ্যা কমিয়ে দেয় তাও বিদআত হবে এবং ইবাদতটি বাতিল বলে গণ্য হবে।

দ্বিতীয় অবস্থাঃ শুধু বিদআতটি বাতিল হবে, যা মূলতই বাতিল। তবে যে আমলটিতে বিদআত প্রবেশ করেছে তার কোন ক্ষতি হবে না। যেমন কোন ব্যক্তি অযুতে কোন অঙ্গ তিনবারের বেশী ধৌত করল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এটা বলেন নি যে, তার অযু বাতিল বলে গণ্য হবে। বরং তিনি বলেছেনঃ

" (فَمَنْ زَادَ عَلَى هَذَا فَقَدْ أَسَاءَ وَتَعَدَّى وَظَلَمَ)

"যে ব্যক্তি তিনবারের অতিরিক্ত ধৌত করল সে নিকৃষ্ট কাজ করল, সীমা লংঘণ করল এবং যুলুম করল"।[1]

>

ফুটনোট

[1] - আবু দাউদ, অধ্যায়ঃ তাহারাত। হাদীছটি হাসান। দেখুন সহীহুল জামেউ, হাদীছ নং- ৬৮৯২।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12019

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন